

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ওলীগণ আল্লাহর সুবাস

প্রচলিত একটি পুস্তকে লিখিত হয়েছে: ''আল-আউলিয়াও রায়হানুল্লাহ- আল হাদীস। অর্থ আউলিয়া আল্লাহর সুবাস।''

কথাটি কোনো কোনো বুজুর্গ বলেছেন, হাদীস হিসেবে এটি জাল। ওলীগণকে আল্লাহর সুবাস বলায় কোনো অসুবিধা নেই। আল্লাহর রিযককে আল্লাহর সুবাস বলা হয়েছে, সন্তানকেও আল্লাহর সুবাস বলা হয়েছে। কিন্তু এ কথাটিকে রাসূলুল্লাহ ্ষ্টু এর নামে বলতে হলে সহীহ সনদে তা বর্ণিত হতে হবে। কিন্তু এ কথাটির কোনো জাল সনদও নেই।

## ফুটনোট

- [1] খাজা নিযামুদ্দিন আউলিয়া (রাহ), রাহাতুল মুহিববীন, শেষ প্রচ্ছদ।
- [2] তাবারী, তাফসীর ২৭/১২৩; হাকীম তিরমিযী, নাওয়াদিরুল উসূল ২/৫৯; ইবনু হাজার, ফাতহুল বারী ৮/৬২১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4865

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন